

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, সওজ
সড়ক বিভাগ, কুষ্টিয়া।

ফোন- ০৭১-৬২১৩৫/৬১৯৯৩, ই-মেইলঃ eekus@rhd.gov.bd



স্মারক নং-৩৫.০১.৫০৭৯.৪৩৯.০০৭.০০৩.২১-২৫১০

তারিখ : ১৭/১১/২০২১ খ্রিঃ

“বিজ্ঞপ্তি”

এতদ্বারা সকলের সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সড়ক বিভাগ, কুষ্টিয়া কর্তৃক পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর আলোকে সড়ক ও জনপথ অধিদপ্তরের পরিচালন (রাজস্ব) বাজেটের আওতায় সীমিত দরপত্র পদ্ধতি প্রয়োগের মাধ্যমে প্রতিক্ষেত্রে ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত প্রাক্কলিত মূল্যের অভ্যন্তরীণ ক্রয়কার্য (NCT-Works) সম্পাদনের লক্ষ্যে ২০২১-২০২২ অর্থবছরের জন্য ঠিকাদার তালিকাভুক্তির নিমিত্তে অত্র দপ্তর স্মারক নং-৩৫.০১.৫০৭৯.৪৩৯.০০৭.০০৩.২১-১৬১০; তারিখ : ২৭/০৭/২০২১ খ্রিঃ এর মাধ্যমে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। উক্ত বিজ্ঞপ্তির আলোকে ২৬৭টি (দুইশত সাতষট্টি) জন ঠিকাদার তালিকাভুক্তির জন্য নির্ধারিত আবেদন ফরম পূরণ পূর্বক ডকুমেন্ট অত্র দপ্তরে দাখিল করেন। পরবর্তীতে মূল্যায়ন কমিটি কর্তৃক যাচাই পূর্বক উক্ত ২৬৭ (দুইশত সাতষট্টি) জন ঠিকাদারের মধ্যে ২৬০ (দুইশত ষাট) জন ঠিকাদার তালিকাভুক্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত হন। উক্ত ২৬০ (দুইশত ষাট) জন ঠিকাদারের তালিকা সংযুক্ত করা হল।

এমতাবস্থায়, পিপিআর-২০০৮ এর বিধি ৫২(৩)(ঙ) অনুযায়ী আবেদনপত্রে উল্লেখিত তালিকাভুক্তির ফি বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং ১৫% ভ্যাটসহ পৃথক পৃথক পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/মানি রিসিটের মাধ্যমে নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, কুষ্টিয়া এর অনুকূলে আগামী ২৪/১১/২০২১ খ্রিঃ এর মধ্যে জমা প্রদান করে তালিকাভুক্তির কার্যক্রম সম্পাদনের জন্য বলা হল। এখানে উল্লেখ্য, ইতিমধ্যে যে সকল ঠিকাদার আবেদন ফরম এর সাথে উক্ত টাকা জমা করেছেন তাদের আর টাকা জমা প্রদানের প্রয়োজন নাই।

(মোঃ শাকিরুল ইসলাম)

পরিচিতি নং-৬০২২৭২

নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ), সওজ
সড়ক বিভাগ, কুষ্টিয়া।